

টিএসসি সালাউদ্দিন কাদেরের ছবি প্রদর্শন করায় ছাত্রদলের ক্ষেত্রে

অনলাইন ডেক্স



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) ইসলামী

ছাত্রশিবির আয়োজিত ছবি প্রদর্শনীতে সালাউদ্দিন কাদের চৌধুরীর

ছবি রাখায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ঢাবি ছাত্রদল।

মঙ্গলবার (৫ আগস্ট) ঢাবি ছাত্রদলের দপ্তর সম্পাদক মণ্ডিক

ওয়াসি উদ্দিন তামী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ প্রতিবাদ

জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র

(টিএসসি) প্রাঙ্গণে ইসলামী ছাত্রশিবির একটি ছবি প্রদর্শনীতে

তাদের সংগঠনের কিছু স্বীকৃত গণহত্যাকারী রাজাকারের ছবির

পাশাপাশি ২০১৩ সালে শাহবাগ আন্দোলনে শেখ হাসিনার

ব্যক্তিগত রোষানলের শিকার সাবেক সংসদ সদস্য মরহুম

সালাহউদ্দিন কাদের চৌধুরীর ছবি প্রদর্শন করা হয়েছে।’

এই কর্মকাণ্ডকে ‘ধৃষ্টতাপূর্ণ’ আখ্যা দিয়ে বিজ্ঞপ্তিতে আরো বলা হয়,
‘বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, ঢাকা বিশ্ববিদ্যালয় এই
ধৃষ্টতাপূর্ণ আচরণের তীব্র নিন্দা জ্ঞাপন করছে এবং ইসলামি
ছাত্রশিবির কর্তৃক ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে গণহত্যার সঙ্গে জড়িত
রাজাকারদেরকে মহান মুক্তিযুদ্ধের আঁতুড়ঘর হিসেবে খ্যাত ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস, যেখানে সর্বপ্রথম স্বাধীন বাংলাদেশের
মানচিত্র-খচিত জাতীয় পতাকা উত্তোলন করা হয়েছিলো, সেখানে
জবরদস্তিমূলকভাবে প্রতিষ্ঠিত করবার জন্য অপচেষ্টাকে ঘৃণাভরে
প্রত্যাখ্যান করছে।

,

বিজ্ঞপ্তির শেষে ঢাবি ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস
এবং সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপনের বক্তব্য তুলে ধরে
বলা হয়, তারা ‘ইসলামি ছাত্রশিবির কর্তৃক '২৪ এর গণ-
অভ্যুত্থানকে '৭১ এর মহান মুক্তিযুদ্ধের মুখোমুখি দাঁড় করানোর
লক্ষ্যে এ জন্য অপচেষ্টার বিষয়ে তীব্র নিন্দা ও প্রতিবাদ
জানিয়েছেন।’